গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পুঠিয়া, রাজশাহী
fisheries.puthia.rajshahi.gov.bd

স্মারক নং-৩৩.০২.৮১৮২.৫০১.৫৮.০০৩.২১.১২ তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ৩য় সভার নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-২০২২-২৩ বাস্তবায়নের অংশ হিসাবে আগামী ০৯ মার্চ ২০২২ রোজ বৃহস্পতিবার সকাল ১২.০০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহীর অফিস কক্ষে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী মহোদয়ের সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ৩য় সভা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০৩/২৩
(মো: বেনজির আহমেদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।
টেলিফোন: ০২৫৮৮-৮৬৮৬০৪
Email: ufoputhia@fisheries.gov.bd

স্মারক নং-৩৩.০২.৮১৮২.৫০১.৫৮.০০৩.২১.১২ তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
০১। জেলা মৎস্য অফিসার, রাজশাহী।
০২। ক্ষেত্র সহকারী/ক্ষেত্র সহকারী (এনএটিপি-২)/অফিস সহকারী, অত্র দপ্তর, পুঠিয়া, রাজশাহী
০৩। দপ্তর নথি।

০৭/০৩/২৩
(মো: বেনজির আহমেদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ৩য় সভার কার্যবিবরণী

অর্থ বছর: ২০২২-২৩ খ্রি.

সভাপতি: জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ: ০৯/০৩/২০২৩ খ্রি. সময়: সকাল ১২.০০ ঘটিকা।

সভার আলোচ্য বিষয়:

০১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক আলোচনা।

০২। অভিযোগ প্রতিকার পদ্ধতি বিষয়ক আলোচনা।

০৩। বিবিধ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব জনাব মো: ফেরদৌস ওয়াহিদ, ক্ষেত্রসহকারী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীকে সভার আলোচনা আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ বা সিটিজেন চার্টারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে উল্লেখ থাকলেও বিষয়টি সকলের নিকট স্পষ্ট বা পরিষ্কার নয়। এ বিষয়ে ৩য় সভায় ধারনা প্রদান করা হলেও বিষয়টি অধিকতর উপলব্ধির নিমিত্ত পুন:আলোচনার জন্য সদস্য সচিব সভাপতিকে অনুরোধ জানান।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক আলোচনা:**<br><br>সরকার জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে রাজস্ব খাত ও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করে চলেছে। এ সমস্ত কাজ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে বাস্তবায়ন করে থাকে। কাজগুলো জনগণের কাঙ্খিত চাহিদা পূরণ করতে পারছে কি, পারছে না তা অনুধাবন করা প্রয়োজন। সরকারি দপ্তর জনগণকে যে পরামর্শ, পণ্য বা সেবা দিয়ে থাকে তা প্রাপ্তিতে জনগণ কোন হয়রানি বা দুর্ভোগের শিকার না হয় সে জন্য সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন ও কার্যকর করে। এ আইনে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংযোজন করে জনগণের সেবা প্রাপ্তিকে সহজ ও সুলভ করেছে। জনগণের নিকট সরকারি দপ্তরসমূহের জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণই অভিযোগ প্রতিকার ব্যবস্থা মুখ্য উদ্দেশ্য। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের বারান্দায় সরকারি নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার বা নাগরিক সনদ স্থাপন করা হয়েছে। সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে তিনি সিটিজেন চার্টার পাঠ করে, বর্ণনা মোতাবেক অভিযোগ দায়েরের অনুরোধ জানান। | অংশগ্রহণকারী ও আগ্রহী সুফলভোগীগণ |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০২ | **অভিযোগ প্রতিকার পদ্ধতি বিষয়ক আলোচনা:**<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হলেন জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী।<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যক্রমের বিষয়ে বা তার দপ্তর হতে সেবা প্রাপ্তিতে সেবা গ্রহীতা হয়রানি বা ভোগান্তির শিকার হলে, তিনি জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী বরাবর ডাকযোগে বা সেবা প্রদান প্রতিশ্রুতি/নাগরিক সনদে উল্লিখিত ০৭২১৭৬০২৪৫ টেলিফোন নম্বরে বা www.fisheries.rajshahi.gov.bd নং ই-মেইলে অভিযোগ দাখিল করতে পারবেন। জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী অভিযোগ দাখিলের এক মাসের মধ্যে অভিযোগের প্রতিকার প্রদানে ব্যর্থ হলে উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা, ফোন নং- ০২৯৫৬৯৩৫৫ বা www.fisheries.gov.bd নং ই-মেইলে অভিযোগ দাখিল করে প্রতিকার চাইবেন।<br><br>উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা দুই মাসের মধ্যে প্রতিকার প্রদানে ব্যর্থ হলে অভিযোগকারী মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল: অভিযোগ গ্রহণ কেন্দ্র, ০৫ নং গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, www.grs.gov.bd তে অভিযোগ করে প্রতিকার চাইবেন।<br>অভিযোগ দায়ের ক্ষেত্রে তথ্য অধিকার আইন-২০০৯ এ নির্ধারিত ফরম (সংযোজনী ক-১) ব্যবহার করবেন। | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের অভিযোগ প্রতিকার পদ্ধতিটি সকল সেবা গ্রহীতাকে অবহিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। | দপ্তরের সকল কর্মী। |
| ০৩ | **বিবিধ:** সভাপতি বলেন যে, সরকারের বিভিন্ন উন্নয়নমুখী উদ্যোগকে সফল করার জন্য দপ্তরের সকল কর্মীকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সরকারের নির্বাচনী ইশতেহার, টেকসই উন্নয়ন অভীষ্ট, প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১ প্রভৃতি বিষয় অধ্যয়ন করে অনুধাবন করতে হবে। সেভাবে সরকারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে জনসম্পৃক্ততা বাড়িয়ে সেবা প্রদান করতে হবে।<br>সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হলো। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সকল কর্মী ও সেবা গ্রহীতাকে আন্তরিক হতে হবে, যাতে কোন সেবা গ্রহীতা অসন্তুষ্ট না হন। | দপ্তরের সকল কর্মী। |

(মো: বেনজির আহমেদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।

পরিশিষ্ট “ক”

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ৩য় সভায় উপস্থিতির বিবরণী

সভাপতি: জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ: ০৯/০৩/২০২৩ খ্রি.    সময়: সকাল ১২.০০ ঘটিকা।

সভায় অংশগ্রহণকারীর বিবরণী ও হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবী | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০২ | জনাব মো: নুরে আলম, খামার ব্যবস্থাপক | মৎস্য বীজ উৎপাদন খামার, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৩ | জনাব মো: ফেরদৌস ওয়াহিদ, ক্ষেত্রসহকারী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৪ | জনাব ফাতিহা শারমিন, ক্ষেত্রসহকারী (এনএটিপি-২ প্রকল্প) | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৫ | জনাব মো: নুর এ আলম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৬ | জনাব শ্রী রিপ্পন কুমার সাহা, অফিস সহায়ক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৭ | শ্রী সুবল চন্দ্র হালদার, মৎস্যজীবী | পুঠিয়া, রাজশাহী। | |
| ০৮ | মো: শহিদুল ইসলাম, মৎস্যজীবী | বিদিরপুর, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৯ | মো: মোজাম্ফর হোসেন, মৎস্য চাষী | উদনপুর, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১০ | মো: আনোয়ার হোসেন, মৎস্য চাষী | কৃষ্ণপুর, পুঠিয়া, রাজশাহী। | |
| ১১ | মো: আব্দুল গাফ্ফার রিপন, মৎস্য খাদ্য বিক্রেতা | মাইপাড়া, বানেশ্বর, পুঠিয়া, রাজশাহী। | |
| ১২ | মো: শফিকুল ইসলাম, মৎস্য খাদ্য বিক্রেতা | রাজবাড়ি বাজার, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৩ | মো: আতাউর রহামন, মৎস্য হ্যাচারী মালিক | তেবাড়িয়া, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৪ | মো: আজিজুর রহমান দুলাল, মৎস্য আড়ৎদার | পুঠিয়া মৎস্য আড়ৎ, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৫ | মো: আইয়ুব আলী, মৎস্য আড়ৎদার | মোল্লাপাড়া মৎস্য আড়ৎ, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৬ | মোহাম্মদ আলী, সাংবাদিক | বানেশ্বর, পুঠিয়া, রাজশাহী। | |

(মো: বেনজির আহমেদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।